আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**07 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) রাজ্যসরকার ২০২৬ সালের মধ্যে এক লক্ষ ৭০ হাজার নিযুক্তি সম্পন্ন করার লক্ষ্যে কাজ করছে বলে মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

২) রাজ্যের ৪ লক্ষ কৃষকদের ভূমি স্বাস্থ্য পত্র বিতরণ । আরো ৬ লক্ষ কৃষক শীঘ্র ভূমি স্বাস্থ্য পত্র লাভ করবে বলে সরকারের প্রতিশ্রুতি ।

৩) সমগ্র রাজ্যে শারদীয় দুর্গাপূজার প্রস্তুতি জোরকদমে //বরাক উপত্যকার তিন জেলায় বেশকয়েকটি পূজো মন্ডপের উদ্বোধনের মাধ্যমে উৎসব শুরুর আমেজ ।

এবং

৪) সমগ্র রাজ্যে আগামী ১৩ নভেম্বর থেকে অনুষ্ঠেয় খেল মহারণের দ্বিতীয় পর্যায়ের জন্য বরাক উপত্যকার খেলোয়াড়দেরও নাম পঞ্জীয়ন করার আহ্বান ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এবং শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর উপস্থিতিতে গুয়াহাটি মেডিকেল কলেজ হাসপাতালের প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে আজ ৩৮৫ জন প্রার্থীকে নিযুক্তিপত্র বিতরণ করা হয়েছে । এরমধ্যে শিক্ষা বিভাগে ২৮৪ জন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে ১০১ জন প্রার্থীকে নিযুক্তি দেওয়া হয়েছে । উল্লেখ্য- রাজ্যসরকারের একলক্ষ নিযুক্তি প্রদানের প্রতিশ্রুতি অনুসারে গত ২৬শে

সেপ্টেম্বর পর্যন্ত একলক্ষ ২৪ হাজার ৬৪৫ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করা হয়েছিল । আজকের এই নিযুক্তির পর সমগ্র আসামে মোট নিযুক্তির সংখ্যা বেড়ে একলক্ষ ২৫ হাজার ৩০ এ দাঁড়িয়েছে । অনুষ্ঠানের পর সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন যে- এখনও প্রায় ৪০ হাজার পদের জন্য নিযুক্তি প্রক্রিয়া চলছে । ২০২৬ সালের মধ্যে একলক্ষ ৭০ হাজার নিযুক্তি সম্পন্ন করার লক্ষ্যে কাজ করা হচ্ছে বলেও মুখ্যমন্ত্রী প্রকাশ করেন । এপর্যন্ত সম্পন্ন হওয়া একলক্ষেরও বেশি নিযুক্তি সম্পর্কে কোনোধরণের অনিয়মের অভিযোগ উত্থাপন হয়নি বলে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা মন্তব্য করেছেন । এদিকে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু সামাজিক মাধ্যম যোগে আজকের নিযুক্তি প্রদান অনুষ্ঠান সম্পর্কে বলেন যে- আসাম সরকার জনসাধারণের আস্থা ও বিশ্বাসের মূল্য দেওয়ার জন্যে প্রতিশ্রুতিবদ্ধ । এবং একলক্ষ নিযুক্তি অতিক্রম করার বিষয়টি এইকথাই প্রমাণ করে ।

---------------------------------------------------------------------------------

‘সড়ক সুরক্ষা জীবন রক্ষা’ শ্লোগানের মাধ্যমে আসাম সরকারের পরিবহণ বিভাগ আজ থেকে আগামী ১৩ই অক্টোবর পর্যন্ত রাজ্য সড়ক সুরক্ষা সপ্তাহ পালন করছে । রাজ্যের পরিবহণ মন্ত্রী কেশব মহন্ত আসাম প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে আয়োজিত সড়ক সুরক্ষা সপ্তাহের সচেতনতামূলক বাইক র‍্যালির উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নিয়ে দুর্ঘটনা রোধ করার জন্য যানবাহন আইন মেনে চলার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন । সব চালকদের বাহনের গতির প্রতি লক্ষ্য রেখে যানবাহন আইন মেনে চলা, সুরক্ষার জন্যে সিটবেল্ট ও হেলমেট পরা এবং মদ্যপান করে গাড়ি না চালাতে পরিবহণ বিভাগের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের কৃষিক্ষেত্রের উন্নয়ন ও কৃষকদের সহায়ক হিসেবে ব্যবহারের জন্য সরকার আজ কৃষকদের মধ্যে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি ও ভূমি স্বাস্থ্যপত্র বিতরণ করেছে । একইসঙ্গে কৃষি বিজ্ঞান কেন্দ্রও চালু করা হয়েছে । এই উপলক্ষে গুয়াহাটির শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সহ কৃষিমন্ত্রী অতুল বরা ২৫০টি কৃষি গোষ্ঠী এবং দুহাজার ৪৯০ জন কৃষককে ট্রাক্টর, পাওয়ার টিলার, চারা রোপণ যন্ত্র সহ বিভিন্ন যন্ত্রপাতি বিতরণ করেন । অনুষ্ঠানে কৃষকদের মধ্যে চার লক্ষেরও বেশি ভূমি স্বাস্থ্যপত্র বিতরণ করা হয়েছে । এছাড়া ৯৬টি কৃষি বিজ্ঞান কেন্দ্রও খোলা হয়েছে । একইসঙ্গে কৃষি উন্নয়ন আধিকারিকের ৯৩টি কার্যালয়ও খোলা হয়েছে । এই অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা রাজ্যের কৃষি বিভাগের সাম্প্রতিক পদক্ষেপ সমূহ সম্পর্কে উল্লেখ করেন ।

এপর্যন্ত ২৩ লক্ষেরও বেশি কৃষককে ভূমি স্বাস্থ্যপত্র বিতরণ করা হয়েছে । রাজ্যসরকার ২০২৪-২৫ বর্ষে দশলক্ষ ভূমি স্বাস্থ্যপত্র কৃষকদের মধ্যে বিতরণ করার লক্ষ্য নির্ধারণ করেছে । শীঘ্রই বাকি থাকা ছয় লক্ষ কৃষককে ভূমি স্বাস্থ্যপত্র বিতরণ করা হবে বলে মন্ত্রী জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------------

আসাম প্রত্যক্ষ নিযুক্তি কমিশনের আওতাধীন তৃতীয় শ্রেণীর চতুর্থ ও পঞ্চম প্রশ্নপত্রের জন্য অবতীর্ণ প্রার্থীদের জন্য বেশকিছু গুরুত্বপূর্ন নির্দেশ জারি করা হয়েছে ।সে অনুসারে প্রার্থীরা ৮ অক্টোবর থেকে ২২ অক্টোবর পর্যন্ত তাদের ও এম আর শিট ডাউনলোড করতে পারবেন । উল্লেখ্য চতুর্থ ও পঞ্চম উভয় প্রশ্নপত্রের অফিসিয়েল আনসার কী ৯ অক্টোবর সকাল ৬ টা থেকে পাওয়া যাবে । প্রার্থীরা তাঁদের উত্তরপত্র পুনরনীরিক্ষণের জন্য ৯ অক্টোবর থেকে ১৮ অক্টোবরের মধ্যে আবেদন করতে পারবেন ।

---------------------------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যে প্রতিকূল আবহাওয়া সত্ত্বেও শারদীয় দূর্গোৎসবের প্রস্তুতি জোরকদমে এগিয়ে চলেছে । রাজ্যজুড়ে উৎসাহ ও আনন্দের পরিবেশ বিরাজ করছে ।পূজা সমিতিগুলি বিভিন্ন বিষয়বস্তুকে ভিত্তি করে পূজা মন্ডপগুলি আধুনিকভাবে সাজিয়ে তুলেছে । পূজোয় নিজেদের পছন্দসই জামা কাপড় কেনাকাটা করতে বাজার হাটগুলিতে ব্যাপক ভীড় পরিলক্ষিত হচ্ছে । এদিকে জেলা প্রশাসন দূর্গাপূজা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পূজাসমিতিগুলিকে যাবতীয় নীতি নির্দেশ জারী করেছে । সি সি টিভি ক্যামেরা স্থাপন ,স্বেচ্ছাসেবক নিয়োগ ,পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা সহ পূজা সমিতিগুলিকে বেশকিছু নির্দেশ জারী করা হয়েছে ।এদিকে রাজ্যসরকার দ্বিতীয়বারের জন্য বিভিন্ন জেলার পুরোণো দূর্গাপূজা সমিতিগুলিকে আর্থিক সহায়তা প্রদানের ব্যাবস্থা করেতছে । সে অনুসারে প্রতিটি জেলায় আযুক্তদের প্রস্তুত করা তালিকার ভিত্তিতে ব্যাঙ্ক একাউন্টের মাধ্যমে এই অর্থ প্রদান করা হবে ।এদিকে রাজ্য সরকার চা বাগানের শ্রমিক-কর্মচারীদের ২০ শতাংশ পূজার বোনাস প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে ।এর দ্বারা রাজ্যের ৮ শোরও অধিক চা বাগানের ১০ লক্ষেরও অধিক শ্রমিক-কর্মচারী উপকৃত হবেন । এই বোনাস প্রদানের জন্য রাজ্য সরকার ৭৮ কোটিরও অধিক টাকা ব্যয় করবে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------------

শারদীয় দুর্গোৎসবের আর মাত্র একদিন বাকি থাকা অবস্থায় বরাক উপত্যকার তিন জেলায় উৎসবের মেজাজ পরিলক্ষিত হচ্ছে । একদিকে দোকান-বাজারে উৎসবের শেষ

পর্যায়ের কেনাকাটার ভীড় পূর্ণোদ্যমে চলছে । উপত্যকার বিশেষ করে শহরাঞ্চলে বাৎসরিক এই পূজোকে কেন্দ্র করে রাস্তা-ঘাটে জনসাধারণের প্রচুর ভীড় দেখা যাচ্ছে । এর পরিপ্রেক্ষিতে শহর এলাকাগুলিতে অস্বাভাবিক যানজটের সৃষ্টি হচ্ছে । তবে দুর্গা পূজোকে ঘিরে সাধারণ মানুষের মধ্যে উৎসাহ চরমে উঠেছে ।

এদিকে শিলচর শহরের বেশকয়েকটি বারোয়ারি পূজো মণ্ডপ আজ উদবোধন করার কথা রয়েছে । এরমধ্যে রয়েছে ৭৫ বছর সম্পূর্ণ করা শিলচর শহরের মধ্যশহর সর্বজনীন দুর্গাপূজো কমিটি পূজা কমিটি, শ্মশান রোডের দক্ষিণ অম্বিকাপুর সর্বজনীন দুর্গাপূজা কমিটি । মধ্যশহরের প্ল্যাটিনাম জয়ন্তী উপলক্ষে এবছরের পূজোর থিম হচ্ছে- ভিক্টোরিয়া মেমোরিয়্যালের তৈরি মণ্ডপ । এছাড়াও মণ্ডপে আলোকসজ্জায় লেজার শোয়ের মাধ্যমে বিশেষ প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে । এছাড়া শিলচর শ্মশান রোডের দক্ষিণ অম্বিকাপুর পূজো কমিটির এবারের থিম হচ্ছে- গোল্ডেন । প্রতিমা থেকে মণ্ডপ, সবই সেজে উঠেছে সোনালি রঙে । শিলচরের বিলপার এলাকার আপনজন দুর্গাপূজা কমিটির পূজো মণ্ডপের উদ্বোধন গতকাল হয়ে গেছে । তাদের এবারের থিম- ডিজনিল্যাণ্ড এবং ফলের বাগান । এখানে শামুকের খোল ও ঝিনুক দিয়ে দারুণ সুন্দর প্রতিমা তৈরি করা হয়েছে ।

অন্যদিকে উধারবন্দের দুটি বিগ বাজেটের পূজোই দর্শনার্থীদের জন্যে খুলে দেওয়া হয়েছে । কালিবাড়ী রোড সর্বজনীন দুর্গাপূজা কমিটির মণ্ডপ গত শনিবার উদ্বোধন করা হয়েছে । কালীবাড়ী রোডের এবারে থিম হচ্ছে- আবুধাবির হিন্দু মন্দির । সঙ্গে বিভিন্ন ধরণের মণিমুক্তো ও ক্রিস্ট্যাল ব্যবহার করে প্রতিমায় অসাধারণ চাকচিক্য আনার প্রয়াস করা হয়েছে । উধারবন্দের হাসপাতাল রোড পূজাকমিটির মণ্ডপে রয়েছে শাস্ত্রীয় ছাপ । বৃন্দাবনের প্রেম মন্দিরের আদলে এখানে মণ্ডপ তৈরি করা হয়েছে । মণ্ডপের ভেতরের অংশে ছোট ছেলেমেয়েদের আকর্ষিত করার জন্যে পরীর দেশ গড়ে তোলার প্রয়াস করা হয়েছে । সবমিলিয়ে উপত্যকায় দুর্গাপূজার উৎসব প্রায় শুরু হয়ে গেছে বলা-ই যেতে পারে ।

-----------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আগামী ১৩ নভেম্বর থেকে খেল মহারণের দ্বিতীয় পর্যায় শুরু হবে । আগামী ১৩ নভেম্বর থেকে ২০ শে নভেম্বর গ্রাম পঞ্চায়েত পৌরসভা ভিত্তিক প্রতিযোগীতা ,দোসরা ডিসেম্বর থেকে ৮ নভেম্বর বিধানসভা ভিত্তিক প্রতিযোগীতা ,১৫ থেকে ২০ শে ডিসেম্বর জেলাভিত্তিক প্রতিযোগীতা এবং ১৯ থেকে ২৩ শে জানুয়ারী রাজ্য পর্যায়ের প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে ।

রাজ্যের ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগ এতে অংশগ্রহণের জন্য ইচ্ছুক খেলোয়াড়দের dsywassam.com/khel পোর্টালে নাম নথিভুক্ত করতে বলা হয়েছে । এই মেগা ইভেন্টের বিভিন্ন বিভাগগুলি হচ্ছে----অ্যাথলেটিক্স , ফুটবল , কাবাডি, দাবা,ভলিবল ,সাঁতার ও সাইকেল চালনা ।
এদিকে খেল মহারণের প্রস্তুতি নিয়ে আজ করিমগঞ্জ জেলা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়েছে । করিমগঞ্জের জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় জেলা পরিষদের মূখ্য কার্যবাহী আধিকারিক লক্ষী নন্দন শহরিয়া,অতিরিক্ত আয়ুক্ত মিনার্ভা দেবী আরামবাম ,অতিরিক্ত পুলিশ সুপার অমিত রাজ চৌধুরী ,জেলা ক্রীড়া আধিকারিক ঝিমলি বরা সহ বিশিষ্ট ব্যাক্তিরা অংশগ্রহণ করেন । সভায় জেলা ক্রীড়া আধিকারিক আগামী ১৩ নভেম্বর থেকে অনুষ্ঠেয় খেল মহারণের দ্বিতীয় পর্যায়ের বিষয়ে বিস্তারিত বিবরণ তুলে ধরেন । সভায় জেলা আয়ুক্ত শিক্ষা বিভাগ ,সব খন্ড উন্নয়ন আধিকারিক ,এ এস আর এল এম সহ অন্যান্য তৃতীয় শ্রেণী সব শিক্ষা প্রতিষ্ঠান ,আত্ম সহায়ক গোষ্ঠীর সদস্য এবং নিজ নিজ স্তরে জেলায় ১ লক্ষ ৯০ হাজার প্রতিযোগীর নাম পঞ্জীয়নের লক্ষ্যমাত্রায় উপনীত হতে ব্যাপক রেজিস্ট্রেশন সুনিশ্চিত করার নির্দেশ দেন ।

কাছাড় ও হাইলাকান্দি জেলায়ও আগামী ১৩ নভেম্বর থেকে অনুষ্ঠেয় খেল মহারণের দ্বিতীয় পর্যায়ের প্রস্তুতি শুরু হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা সমাজ কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে শুধুমাত্র রেজিষ্টার্ড ট্র্যাভেল এজেন্সিগুলি থেকে বার্ষিক ভাড়ার ভিত্তিতে গাড়ি সরবরাহ করার জন্য আমন্ত্রন জানিয়েছেন। এসংক্রান্ত দরপত্র আগামী ১৪ই অক্টোবর দুপুর দুটো পর্য্যন্ত জমা করা যাবে । বিশদ বিবরন জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------

সি পি আই এম'এর কাছাড় জেলা কমিটি বাংলাদেশের ধর্মীয় সংখ্যালঘুদের উপর আক্রমণ সংঘটিত হচ্ছে বলে অভিযোগ করে এর তীব্র নিন্দা জানিয়েছে । আজ জারি করা এক বিবৃতিতে কমিটি সেদেশের ধর্মীয় সংখ্যালঘুদের নিরাপত্তা সুনিশ্চিত করা এবং হিন্দু ধর্মের লোকেরা যাতে নির্বিঘ্নে দুর্গোৎসব পালন করতে পারেন, তারজন্য যাবতীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য বাংলাদেশ সরকারের কাছে দাবি জানিয়েছেন । বিবৃতিতে তারা এই ব্যাপারে প্রয়োজনীয় কূটনৈতিক পদক্ষেপ গ্রহণ করার জন্যেও ভারত সরকারের কাছে আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারায় আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জেলার বাজাড়িছড়া পুলিশ স্টেশন এলাকায় কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে বাজাড়িছড়া পুলিশ স্টেশন এলাকায় আইন শৃংখলা পরিস্থিতি এবং জনমনে শান্তি সম্প্রীতি বিঘ্নিত হওয়ার আংশকা রয়েছে । এর পরিপ্রেক্ষিতে করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট ঐ এলাকায় বিনা অনুমতিতে পাঁচ বা ততোধিক ব্যাক্তির জমায়েত নিষিদ্ধ করা হয়েছে । এছাড়া অনুমতি ছাড়া কোন ধরনের আন্দোলন কার্য্যসূচী , বন্‌ধ , র‍্যালী, ধর্না প্রদর্শন , লাউড স্পিকারের ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------------------